



PSEAH
BANGLADESH

যৌন শোষণ ও নির্যাতন কোনভাবেই ছাড় দেয়া হবে না

নিয়ম জানুন: কোন অজুহাত নয়!

যৌন শোষণ এবং নির্যাতন (এসইএ) একটি অগ্রহণযোগ্য আচরণ এবং জাতিসংঘ ও অন্যান্য মানবিক সংস্থায় কর্মরত সমস্ত কর্মীদের জন্য এটি নিষিদ্ধ।

যৌন শোষণ এবং নির্যাতন সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য, রোহিঙ্গা রেসপন্স ওয়েবসাইট এর পিএসইএ নেটওয়ার্ক ওয়েবপেজ এ ভিজিট করুন।



নীরবতা কোন অজুহাত নয়!

আপনার কাছে যৌন শোষণ ও নির্যাতনের তথ্য থাকলে বা সন্দেহ হলে অবশ্যই পিএসইএ ফোকাল পয়েন্টের কাছে রিপোর্ট করতে হবে।

পিএসইএ ফোকাল পয়েন্টের সাথে যোগাযোগের বিবরণ

অফিসের নাম: _____

ফোকাল পয়েন্টের নাম: _____

ফোন নম্বর: _____

ইমেইল: _____

আপনি সরাসরি PSEA নেটওয়ার্কেও রিপোর্ট করতে পারেন ইমেইল করে: pseabangladesh@un.org



নিয়ম জানুন

ছয়টি মূলনীতি

- ১ মানবিক কর্মী দ্বারা সংঘটিত যৌন শোষণ ও নির্যাতন একটি চরম অসদাচরণ এবং এর দরুন তাকে চাকরি থেকে বরখাস্ত করা হতে পারে।
- ২ স্থানীয়ভাবে প্রাপ্ত বয়স্ক হয়ে উঠার গ্রহণযোগ্য বয়স যাই হোক না কেন, শিশুদের (যাদের বয়স ১৮ বছরের কম) সাথে যৌন কার্যকলাপ নিষিদ্ধ। শিশুর বয়স সম্পর্কে ভুল ধারণার অজুহাত গ্রহণযোগ্য নয়।
- ৩ যৌন অনুগ্রহ আদায় কিংবা অন্যান্য মানহানিকর, অবমাননাকর বা শোষণমূলক কর্মকান্ড আরোপ করা সহ যৌন কার্যকলাপের জন্য অর্থ, চাকরি, পণ্য ও সুবিধা বিনিময় করা নিষিদ্ধ। সুবিধাভোগীদের প্রাপ্য সহায়তার কোন ধরনের বিনিময় সাধনও এর মধ্যে অন্তর্ভুক্ত।
- ৪ নিজের পদ ও অবস্থানকে অন্যায়ভাবে ব্যবহারের মাধ্যমে কোন মানবিক সহায়তা ও সুরক্ষা প্রদানকারী ব্যক্তি এবং এই মানবিক সহায়তা ও সুরক্ষা হতে সুবিধা প্রাপ্ত কারো সাথে যৌন সম্পর্ক নিষিদ্ধ। এই ধরনের সম্পর্ক মানবিক সহায়তা কর্মকান্ডের বিশ্বাসযোগ্যতা ও বিশ্বুদ্ধতাকে প্রশ্নবিদ্ধ করে তুলে।
- ৫ যখন কোন মানবিক কর্মীর মাঝে একই সংস্থায় অথবা ভিন্ন কোন সংস্থায় কর্মরত এক সহকর্মীর যৌন শোষণ ও নির্যাতন সংগঠনের উদ্বেগ বা সন্দেহ জন্ম নেয়, তখন তিনি নিজের সংস্থার প্রথাগত রিপোর্টিং মেকানিজমের মাধ্যমে তা রিপোর্ট করতে বাধ্য।
- ৬ মানবিক কর্মীগণ যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ এ বং তাদের আচরণবিধির যথাযথভাবে প্রয়োগ নিশ্চিত করে এমন এক পরিবেশ গঠন করতে ও তা পরিচর্যা করতে বাধ্য থাকবে। এই ধরনের কর্ম পরিবেশ পরিচর্যার জন্য একটি সিস্টেম দাড়া করানো ও তার বিকাশে সকল স্তরের ম্যানেজারদের পালনীয় সুনির্দিষ্ট দায়িত্ব আছে।

যৌন শোষণ এবং নির্যাতন সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য, রোহিঙ্গা রেসপন্স ওয়েবসাইট এর পিএসইএ নেটওয়ার্ক ওয়েবপেজ এ ভিজিট করুন।

